# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১২৩৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৩. তৃতীয় অনুচ্ছেদ - ক্বিয়ামুল লায়ল-এর প্রতি উৎসাহ দান

### আরবী

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو بْنِ الْعَاصِ قَالَ: قَالَ لِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «يَا عَبْدَ اللَّهِ لَا تَكُنْ مِثْلَ فُلَانٍ كَانَ يَقُومُ مِنَ اللَّيْلِ فَتَرَكَ قِيام اللَّيْل»

### বাংলা

১২৩৪-[১৬] ’আবদুল্লাহ ইবনু ’আমর ইবনুল ’আস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেন, হে ’আবদুল্লাহ! তুমি অমুক লোকের মতো হয়ো না। সে রাত্রে (সজাগ হয়ে) তাহাজ্জুদের সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করত, পরে তা ছেড়ে দিয়েছে। (বুখারী, মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ : বুখারী ১১৫২, মুসলিম ১১৫৯।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কথা যে, ‘তুমি অমুকের মত হয়ো না’ এর অর্থ হলো তার স্বভাত ও বৈশিষ্ট্য যেন তোমার মধ্যে না হয়। অর্থাৎ ক্বিয়ামুল লায়ল কিছুদিন করার পর বিনা ওযরে তা বর্জন করা যেন না হয়। এ হাদীস থেকে জানা যায় যে, কোন ‘আমল সদা-সর্বদা করা ভাল, তবে বেশি বাড়াবাড়ী করে নয়। আরো জানা যায় যে, ক্বিয়ামুল লায়ল ওয়াজিব নয়। এ হাদীস থেকে আরো জানা যায় যে, কোন ব্যক্তির মধ্যে কোন ত্রুটি বা দোষ থাকলে তার কর্ম থেকে ফিরানোর লক্ষ্যে তার নাম আলোচনায় বা দৃষ্টান্তে আনা জায়িয।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55794

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন